গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৮৮.২৬.১৪৯

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **"মিলা ইন্ডাস্ট্রিয়াল লিমিটেড" নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব নির্ধারণ পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি সনদ জারির সুপারিশ প্রদান প্রসংগে।**

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১২১৩, তারিখ:৩০/০৯/২০২৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মিলা ইন্ডাস্ট্রিয়াল লিমিটেড, অফিস: হোল্ডিং নং-১৫, সড়ক নং-০৮, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা ও কারখানা: এ/৮৪/৪, পূর্ব রাজাশন (বিরুলিয়া), সাভার, ঢাকা, নামক যৌথ বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি ১০০% রপ্তানিমুখী (নীট ও ওভেন) বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অনুকূলে বস্ত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি/০১০০৯-২২, তারিখ: ২৩/০৮/২০২২ খ্রি: এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নীট ও ওভেন)।

০২। উক্ত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে কারখানাটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব নির্ধারণ পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশপত্র প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য যোগ্য বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, মিলা ইন্ডাস্ট্রিয়াল লিমিটেড:, নামক ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে ষান্মাসিক ৩৫,০০,০০,০০০/-(পঁয়ত্রিশ কোটি) টাকা এবং বার্ষিক ৭০,০০,০০,০০০/-(সত্তর কোটি) টাকা আমদানিস্বত্ব নির্ধারণ পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর অনুচ্ছেদ ২৩-এর (ক) ও (খ) অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশ নির্দেশক্রমে প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটিকে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

তবে, এ সুপারিশপত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোনো প্রকার আইনগত দায়মুক্তি প্রদান করা হলো না। প্রতিষ্ঠানটিকে প্রচলিত আইন, বিধি-বিধান, 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

০৫-১০-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ০৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৮৮.২৬.১৪৯/১ (৬)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা/ ক মিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, মিলা ইন্ডাস্ট্রিয়াল লিমিটেড, অফিস: হোল্ডিং নং-১৫, সড়ক নং-০৮, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা ও কারখানা: এ/৮৪/৪, পূর্ব রাজাশন (বিরুলিয়া), সাভার, ঢাকা।
৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৬। অফিস কপি।

০৫-১০-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)